


## প্রধানমন্ত্রী শেখ হাসিনার চরিত্রে অপু বিশ্বাস

ঢালিউডের জনপ্রিয় চিত্রনায়িকার তালিকায় সুপরিচিত মুখ অপু বিশ্বাস। সবকিছু ঠিকঠাক থাকলে তাকে দেখা যাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার চরিত্রে। 'শেখ রাসেলের আর্তনাদ' নামে সিনেমা তৈরি হতে চলেছে। সিনেমাটির পরিচালক সালমান হায়দার। এ সিনেমাতেই শেখ হাসিনার চরিত্রে কাজ করবেন তিনি। আরেক চিত্রনায়িকা নুসরাত ফারিয়াও এর আগে শেখ হাসিনার চরিত্রে অভিনয় করেছিলেন। বঙ্গবন্ধু পরিবারের সর্বকনিষ্ঠ সদস্য শেখ রাসেলের গল্প উঠে আসবে এ সিনেমাতে। এতে 'হাসু' চরিত্রে অভিনয় করবেন অপু। এ সিনেমায় কাজ করতে নাকি মাত্র ১০০ টাকা পারিশ্রমিক নিয়েছেন অপু বিশ্বাস।

## ২৫ বছর পর করণের সিনেমায় সালমান খান

করণ জোহরের আইকনিক সিনেমা 'কুচ কুচ হোতা হ্যায়'-এর পর এই পরিচালকের আর কোনো সিনেমায় দেখা যায়নি সালমান খানকে। যদিও সিনেমাপ্রেমীদের অনেক দিনের চাওয়া ছিল করণের নির্মাণে সালমান কাজ করুক। সেই অপেক্ষার পালা অবশেষে শেষ হতে চলেছে। যদিও ছবিটি নিজে পরিচালনা করছেন না করণ, তার ধর্মা প্রডাকশন ছবিটি প্রযোজনা করবে। জুম টিভির সঙ্গে একটি সাক্ষাৎকারে সালমান খান তার আসন্ন সিনেমার বিষয়ে এমন ইঙ্গিত দিয়েছেন।





## অস্কার মনোনয়নে নাজরিন চৌধুরী

৯৬তম অস্কারে চূড়ান্ত মনোনয়ন পেয়েছেন বাংলাদেশি বংশোদ্ভূত ব্রিটিশ-আমেরিকান চিত্রনাট্যকার, পরিচালক ও অভিনেত্রী নাজরিন চৌধুরী। বিশ্ব চলচ্চিত্রের সবচেয়ে মর্যাদাপূর্ণ এই পুরস্কারের লাইভ অ্যাকশন শর্ট বিভাগে মনোনীত হয়েছে তার পরিচালিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র 'রেড, হোয়াইট অ্যান্ড ব্লু'। তার সঙ্গে যৌথভাবে মনোনয়ন পেয়েছেন সিনেমাটির প্রযোজক সারা ম্যাকফারলেন। এতে অভিনয় করেছেন হলিউড অভিনেত্রী ব্রিটানি স্নো। যুক্তরাষ্ট্রের আরকানসাস রাজ্যের র‍্যাচেল নামের এক সিঙ্গেল মায়ের গল্পকে কেন্দ্র করে নির্মিত হয়েছে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রটি। কাহিনি এগিয়েছে ওয়েট্রেস পেশার ওই নারী তার দুই সন্তান নিয়ে চ্যালেঞ্জিং পরিস্থিতির মুখোমুখি হওয়ার ঘটনা নিয়ে।



## মনোনয়ন পেলেন জয়া আহসান ও তাসনিয়া ফারিণ

দুই বাংলার নন্দিত অভিনেত্রী জয়া আহসান। গত বছরে তার অভিনীত ভারতের পশ্চিমবঙ্গের দুই সিনেমা 'অর্ধাঙ্গিনী' ও 'দশম অবতার' ছিল আলোচনায়। পশ্চিমবঙ্গ থেকে হরহামেশাই অ্যাওয়ার্ডের জন্য মনোনয়ন পান তিনি। পুরস্কারও উঠে তার ঝুড়িতে। এবার তার সঙ্গে এলো বাংলাদেশে ছোট পর্দার নন্দিত মুখ তাসনিয়া ফারিণের নাম। পশ্চিমবঙ্গে ফিল্ম জার্নালিস্ট অ্যাসোসিয়েশন আয়োজিত সিনেমার সমাবর্তন ২০২৪ অ্যাওয়ার্ডে জয়ার সঙ্গে মনোনয়ন পেয়েছেন ফারিণ। কৌশিক গাঙ্গুলী পরিচালিত 'অর্ধাঙ্গিনী' সিনেমার জন্য পার্শ্বচরিত্রে শ্রেষ্ঠ অভিনেত্রী জয়া এবং অতনু ঘোষের নির্দেশনায় 'আরও এক পৃথিবী' সিনেমায় অভিনয়ের জন্য মোস্ট প্রমিজিং ফিমেল অ্যাক্টর ক্যাটেগরিতে মনোনয়ন পেয়েছেন ফারিণ।





## সত্যজিৎ রায়ের বায়োপিকে আমির খান

বছর শেষে মিস্টার পারফেকশনিস্ট খ্যাত বলিউড তারকা আমির খানের একটি ছবি। ব্যস, আর তাতেই নেটপাড়ায় শোরগোল। পরনে কালো মোটা ফ্রেমের চশমা, মুখে পাইপ। চেহারা ছাপিয়ে ধূম্ররাশি ছুটছে নিজস্ব গতিতে। মিস্টার পারফেকশনিস্ট-এর এমন অবতার বাঙালিদের কাছে খুব একটা অচেনা ঠেকার কথা নয়। বাঙালি তো বটেই আপামর সিনেপ্রেমীদের কাছেও এই লুক অতিপরিচিত। আর সেটা যার জন্য, তিনি সত্যজিৎ রায়। এরমধ্যে আমির খানকে নিয়ে এক নতুন ফটোশুট করেছেন অবিনাশ গোয়ারিকার। সেই ফটোসিরিজের একটি ছবির কমেন্ট বক্সেই প্রশ্ন ছুড়ে দিয়েছেন, 'আমির খান কি সত্যজিৎ রায়ের বায়োপিকে অভিনয় করছেন?' সেই প্রশ্নের উত্তর অধরা থাকলেও নেটপাড়া কিন্তু মিস্টার পারফেকশনিস্ট-এর নতুন অবতারে দারুণ মজেছেন।




## অস্কারে এগিয়ে 'ওপেনহাইমার' ও 'পুওর থিংস'

বক্স অফিসে তুমুল সাফল্যের পর এ বছর গোল্ডেন গ্লোবের মঞ্চে রীতিমতো রাজত্ব করেছে 'ওপেনহাইমার'। সবাই ধরেই রেখেছিলেন, অস্কার মনোনয়নেও তাক লাগিয়ে দেবে ক্রিস্টোফার নোলানের এ সিনেমা। সেটাই হলো। ৯৬তম অস্কারের চূড়ান্ত মনোনয়ন তালিকায় সর্বোচ্চ ১৩ বিভাগে মনোনয়ন পেল 'ওপেনহাইমার'। এ ছাড়া ১১টি বিভাগে মনোনয়ন পেয়েছে 'পুওর থিংস'। ১০টি বিভাগে 'কিলারস অব দ্য ফ্লাওয়ার মুন', ৮টি বিভাগে 'বার্বি' এবং ৭টি বিভাগে মনোনয়ন পেয়ে এগিয়ে আছে 'মায়েস্ত্রো'।



## শ্বশুরালয়ে ফিরছেন ঐশ্বরিয়া রাই

বেশ কয়েক মাস ধরেই শোনা গুঞ্জন, ভাঙন ধরেছে বলিউডের শাহেনশাহখ্যাত অমিতাভ বচ্চনের ছেলে বলিউড তারকা অভিষেক বচ্চন ও পুত্রবধূ ঐশ্বরিয়া রাইয়ের সংসারে। ইতিমধ্যে মেয়েকে নিয়ে নাকি স্বামীর বাড়ি ছেড়েছেন সাবেক মিস ইউনিভার্স ঐশ্বরিয়া। মেয়ে আরাধ্যা বচ্চন ও মা বৃন্দা রাইকে নিয়ে অন্যত্র রয়েছেন তিনি। তবে বিচ্ছেদের জল্পনা অব্যাহত থাকলেও এখনো পর্যন্ত এ প্রসঙ্গে কোনো মন্তব্য করেননি পরিবারের কেউই। তাদের একসঙ্গে 'আর্চিজ' সিনেমার প্রিমিয়ারে, আরাধ্যা বচ্চনের স্কুলের অনুষ্ঠানে দেখা গেছে।




## ঢাবি শিক্ষার্থীদের 'সিদ্ধান্ত' মঞ্চস্থ হলো ভারতে

ভারতের কেরালায় ১৪ থেকে ১৯ জানুয়ারি উদ্‌যাপিত হয়েছে দ্বিতীয় আন্তর্জাতিক থিয়েটার স্কুল নাট্য উৎসব (আইএফটিএস) ২০২৪। এ উৎসবের আয়োজক ছিল কেরালার ত্রিশুরে কালিকট বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ড্রামা অ্যান্ড ফাইন আর্টস। থিয়েটার ও বাস্তুশাস্ত্রের সংযোগস্থলে শিক্ষাবিদ্যা অন্বেষণ করার বিষয়টি ছিল এবারের উৎসবের প্রতিপাদ্য। এ উৎসবে দেশের থিয়েটার ব্যক্তিত্ব ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. ইসরাফিল শাহীনের নির্দেশনায় মঞ্চস্থ হয়েছে বার্টোল্ট ব্রেখটের 'দ্য মেজারস টেকেন' থেকে অনূদিত 'সিদ্ধান্ত' নাটকটি।






## নতুন বছরে সোলসের গান ‘নতুন শহর’

নতুন বছরে নতুন গান প্রকাশ করেছে দেশের ঐতিহ্যবাহী ব্যান্ডদল সোলস। গানের শিরোনাম ‘নতুন শহর’। গানটি লিখেছেন লন্ডন প্রবাসী শেখ রানা। সুর ও সংগীত করেছেন পার্থ বড়ুয়া। ২ জানুয়ারি গানটি সোলসের অফিসিয়াল ও পার্থ  বড়ুয়ার ইউটিউব চ্যানেলে উন্মুক্ত করা হয়। গত বছর সোলস পঞ্চাশ বছর পূর্তি উপলক্ষ্যে লন্ডন সফরে গিয়েছিল।



## ‘বিগ বস’ ১৭ বিজয়ী মুনাওয়ার ফারুকী

বিগ বস ১৭ সিজনের মুকুট জিতেছেন মুনাওয়ার ফারুকী। সালমান খানের এই শো-এর যাত্রা শুরু হয়েছিল ১৭ জন প্রতিযোগীকে নিয়ে। ১৫ অক্টোবর ২০২৩ এ শুরু হওয়ার ১০৭তম দিনে এসে ২৮ জানুয়ারি গ্র্যান্ড ফিনালের মধ্য দিয়ে বিজয়ী পেয়েছে বলিউডের বহুল আলোচিত এই শো। বিগ বস জেতার পর, মুনাওয়ার ফারুকি শুধু ট্রফিই পাননি, তার সাথে তাকে নগদ ৫০ লাখ টাকা এবং একটি গাড়িও দেওয়া হয়।



## ভালো নেই রিংকু, গানে ফেরার সম্ভাবনা ক্ষীণ

২০০৫ সালের ক্লোজআপ ওয়ান প্রতিযোগিতার মাধ্যমে পরিচিতি পান রিংকু। দেড় দশকের বেশি সময় ধরে বাউল, মরমি ও সুফি ঘরানার গান গেয়ে শ্রোতাদের মুগ্ধ করেছেন। প্রায় চার বছর হতে চললো রিংকু আর গাইছেন না আগের মতো। চারবার স্ট্রোক করে রিংকু লড়াই করছেন সুস্থ হওয়ার জন্য। ২০২০ সালে দুবার স্ট্রোক হয় রিংকুর। দ্বিতীয়বার স্ট্রোকের পর তার ডান হাত ও পা প্যারালাইজড হয়ে যায়। এরপর তিনি ফিরে যান নওগাঁর আত্রাই উপজেলার বড় সাওতা গ্রামের নিজ বাড়িতে। ধীরে ধীরে সক্রিয় হয়েছে তার হাত-পা, তবে গান গাওয়ার মতো শারীরিক সক্ষমতা আসেনি এখনো। চার বছর ধরে চিকিৎসা ব্যয়ে ফুরিয়ে এসেছে সঞ্চিত টাকা। স্বজনদের সহায়তায় চলছে চিকিৎসার খরচ।



## মারা গেছেন ওস্তাদ রশিদ খানের

৯ জানুয়ারি থেমে গেলো উস্তাদ রশিদ খানের সুরেলা সফর। প্রয়াত উস্তাদ রশিদ খানের বয়স হয়েছিল ৫৫ বছর। গত কয়েক বছর ধরেই প্রস্টেট ক্যানসারে ভুগছিলেন তিনি। গত বছরের ২১ নভেম্বর ব্রেন স্ট্রোকে আক্রান্ত হন। তাকে ভর্তি করা হয় পিয়ারলেস হাসপাতালে। সেখানেই তার মৃত্যু হয়েছে। ১৯৬৮ সালের ১ জুলাই উত্তরপ্রদেশের বদায়ুঁতে জন্ম শাস্ত্রীয় সংগীতশিল্পী রশিদ খানের। শাস্ত্রীয় সংগীতরে অন্যতম দিকপাল রশিদ কিন্তু শুধুমাত্র শাস্ত্রীয় সংগীতেই আটকে থাকেননি। হিন্দি ও বাংলা ছবিতেও গান গেয়েছেন তিনি। ২০০৬ সালে একই বছরে তিনি ‘পদ্মশ্রী’ ও ‘সংগীত নাটক অ্যাকাডেমি অ্যাওয়ার্ড’ সম্মানে ভূষিত হন। গত বছর অর্থাৎ ২০২২ সালে ‘পদ্মভূষণ’ সম্মানে সম্মানিত হন শিল্পী।